

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সমগ্র দেশে বাহিনীর সদস্যদের মধ্যে তথ্য আদান প্রদান ব্যবস্থাপনায় একটি সামগ্রিক নেটওয়ার্ক গড়ে তোলা। সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদক নিয়ন্ত্রন, বাল্যবিবাহ রোধ, নারী ও শিশু পাচার প্রভৃতি রোধকল্পে গ্রাম প্রতিরক্ষা দল (ভিডিপি) ও শহর প্রতিরক্ষা দল (টিডিপি) সদস্য সদস্যদের মাধ্যমে শহরে এবং প্রত্যন্ত অঞ্চলে সামগ্রিক সচেতনতা বৃদ্ধি করা এবং নারীর ক্ষমতায়নের লক্ষ্যে বিবিধ কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে আর্থিক কর্মকাণ্ডে নারীর সম্পৃক্ততা বৃদ্ধি করা।

প্রত্যেক গ্রামে/ওয়ার্ডে ভিডিপি প্লাটুন সমূহকে অধিকতর সক্রিয় করে গ্রামীণ জনসাধারণের সার্বিক নিরাপত্তায় ফলপ্রসূ ভূমিকা রাখা এবং বিভিন্ন মৌলিক ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রতি বছরে শতাধিক আনসার ও ভিডিপি সদস্যকে প্রশিক্ষিত করার মাধ্যমে তারুণ্যের শক্তিকে উজ্জীবিত করা।

২০২৩-২০২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহঃ

- ইতোমধ্যে ২০২৩-২০২৪ সালে উপজেলা আনসার কোম্পানী কমান্ডার, উপজেলা সহকারী কোম্পানী কমান্ডার, উপজেলা মহিলা আনসার প্লাটুন কমান্ডার, উপজেলা মহিলা আনসার সহকারী প্লাটুন কমান্ডার, ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডার, ইউনিয়ন আনসার সহকারী প্লাটুন কমান্ডার পদে মৌলিক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। তাদেরকে ২০২৩-২০২৪ অর্থ বছরে নিয়োগ প্রদান করা হয়েছে। যার ফলে মাঠ পর্যায়ে সাংগঠনিক কার্যক্রম ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে।
- আনসার ও ভিডিপির প্রায় ২২০ জন সদস্য-সদস্যদের বিভিন্ন কারিগরি, পেশাভিত্তিক ও মৌলিক প্রশিক্ষণ প্রদান করে মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি করা।
- ব্যাটালিয়ন আনসার, অঙ্গীভূত আনসার এবং আনসার-ভিডিপির সদস্য-সদস্যগণ বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থা, স্থাপনা ও প্রতিষ্ঠানের নিরাপত্তা প্রদান করবে।
- বিভিন্ন নির্বাচন, দুর্গাপূজা ও বাংলাদেশ সরকার কর্তৃক নির্দেশিত হয়ে অন্যান্য জাতীয় কার্যক্রমে আনসার ও ভিডিপি সদস্য-সদস্য নিয়োগ করা হবে।
- আনসার ও ভিডিপি সদস্য/সদস্যাবৃন্দ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে সচেতনতামূলক প্রচার, উদ্ধার কার্যক্রম এবং ত্রান সামগ্রী বিতরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।